তারিখ ... 15 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

সমকাল

ঢাবির অপরাধ বিজ্ঞান বিভাগের প্রতিষ্ঠাবার্ষিকী

# 'দুর্নীতি নয়, সত্যের পথে থাকতে হবে শিক্ষার্থীদের'

■ সমকাল প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অপরাধ বিজ্ঞান বিভাগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তারা দুর্নীতিমুক্ত সমাজ গড়তে শিক্ষার্থীদের সত্যের পথে থাকার আহ্বান জানিয়েছেন। অপরাধ বিজ্ঞান শিক্ষার গুরুত্বের কথা তুলে ধরে তারা বলেন, বিশ্বব্যাপী অপরাধের ধরন প্রতিদিন পরিবর্তিত হচ্ছে। সাইবার অপরাধ বৃদ্ধি পাচ্ছে। তাই অপরাধ বিজ্ঞান পড়ার মাধ্যমে শিক্ষার্থীরা ভবিষ্যতে অপরাধ প্রতিরোধে ভূমিকা রাখতে পারবে।

গতকাল শনিবার ঢাবির সামাজিক বিজ্ঞান ভবনের মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অপরাধ বিজ্ঞান বিভাগের চতুর্থ প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা এসব কথা বলেন। বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. জিয়া রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন। বিশেষ অতিথি ছিলেন ঢাবি উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক, ফারুক খান এমপি।

ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন বলেন, সমাজ অপরাধমুক্ত নয়, তবে অপরাধকে নিয়ন্ত্রণ করার লক্ষ্যে অপরাধ বিজ্ঞান পড়া ও গবেষণা অত্যন্ত সময়োপযোগী।

দ্বিতীয় পর্বে ঢাবির নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত গোলটেবিল বৈঠকে প্রবন্ধ উপস্থাপন করেন ড. জিয়া রহমান। এ সময় বক্তব্য রাখেন নিরাপত্তা বিশ্লেষক মেজর জেনারেল (অব.) আবদুর রশীদ, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার (এনএসআই) পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল জিয়াউল আহসান, বিজিবি কর্মকর্তা কর্নেল তৌহিদুল ইসলাম, ঢাবির আইন বিভাগের অধ্যাপক ড. শাহনাজ হুদা, ঢাকা মহানগর পুলিশের অতিরিক্ত কমিশনার মনিরুল ইসলাম, সাংবাদিক সৈয়দ বদরুল আহসান, মহিলা আইনজীবী সমিতির নির্বাহী পরিচালক সালমা আলী প্রমুখ।